



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd



স্মারক নং-১৬.০২.০০০০.০৭৪.৩১.৩৩২.২৬/ ৭৬

তারিখ: ১২ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

বিষয়:-বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন জজ আলী খাঁন ওয়াক্ফ এস্টেটের (ই.সি.নং-২২৩৩২) মোতাওয়াল্লী নিয়োগ প্রসঙ্গে।

- সূত্র:-১। জনাব মো: আবুল কালাম আজাদ কর্তৃক দাখিলকৃত গত ০১.০২.২০২৪ খ্রি: তারিখের মোতাওয়াল্লী নিয়োগের আবেদন।
২। স্থানীয় ওয়াক্ফ পরিদর্শক কর্তৃক গত ২২.০২.২০২৬ খ্রি: তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে ওয়ারিশদের সমর্থন, বিচারাধীন মামলাসমূহ পরিচালনা এবং তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে এস্টেটের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে নির্দেশক্রমে তাকে (জনাব মোঃ আবুল কালাম আজাদ) মেয়াদ উত্তীর্ণ তারিখ (২৮.০৮.২০২৪) হতে পরবর্তী ০৫(পাঁচ) বছর মেয়াদের জন্য অফিসিয়াল মোতাওয়াল্লী নিয়োগ করা হলো।

(২) মোতাওয়াল্লী কর্তৃক অবৈধভাবে হস্তান্তরিত ওয়াক্ফ সম্পত্তি এস্টেটের অনুকূলে দ্রুত উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিক্রয় দলিলটি বাতিল করার জন্য উপযুক্ত আদালতে দ্রুত মামলা করার জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

-: শর্তসমূহ :-

০১. ওয়াক্ফ অধ্যাদেশ, ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিল অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে;
০২. ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন (০৫%) প্রতি অর্থবছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিক ভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
০৩. প্রতিবছর ১৫ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
০৪. ওয়াক্ফ এস্টেটের নামে যেকোন তফসিলি ব্যাংকে একটি ব্যাংক হিসাব খুলে সকল প্রকার লেনদেন ঐ হিসাবের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০৫. ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (Record of Rights) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবেনা;
০৬. ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে মোতাওয়াল্লী দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৭. এস্টেটের বিচারাধীন মামলাসমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
০৮. প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;

স্বাঃ

মুহাম্মদ আবুল কাসেম
সহকারী প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।


জনাব মো: আবুল কালাম আজাদ
অফিসিয়াল মোতাওয়াল্লী
জজ আলী খাঁন ওয়াক্ফ এস্টেট
পিতা-মৃত হোসেন আলী খান
সাং+পো:-পারশিবপুর
উপজেলা-বাকেরগঞ্জ, জেলা-বরিশাল।

স্মারক নং-১৬.০২.০০০০.০৭৪.৩১.৩৩২.২৬/৭৬/১৫)

তারিখ: ২২ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১। জেলা প্রশাসক ও সভাপতি জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, জেলা-বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, উপজেলা-বাকেরগঞ্জ, জেলা-বরিশাল।
- ✓ ৩। সহকারী প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। পিএ টু ওয়াক্ফ প্রশাসক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ৫। জনাব মো: জহিরুল হক শাহীন, ওয়াক্ফ পরিদর্শক, বায়তুল খলিল, ২০নং নবগ্রাম রোড, বটতলা, সদর জেলা-বরিশাল।


২৪/৪/২৬
সহকারী প্রশাসক (চ.দা.)